

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪২৩

২/ সালাত (নামায) (১লান্ট)

পরিচ্ছেদঃ ফরযের পূর্বে ফজরের দু'রাকআত (সুন্নাত) আদায় না করা গেলে সূর্যোদয়ের পর এই দু'রাকআত আদায় করা,

باب مَا جَاءَ فِي إِعَادَتِهِمَا بَعْدَ طُلُوعِ الشَّمْسِ

আরবী

حَدَّثَنَا عُقْبَةُ بْنُ مُكْرَمٍ الْعَمِّيُّ الْبَصْرِيُّ، حَدَّثَنَا عَمْرُو بْنُ عَاصِمٍ، حَدَّثَنَا هَمَّامٌ، عَنْ قَتَادَةَ، عَنِ النَّضْرِ بْنِ أَنسٍ، عَنْ بَشِيرِ بْنِ نَهِيك، عَنْ أَبِي هُرَيْرَةَ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " مَنْ لَمْ يُصلِّ رَكْعَتَى الْفَجْرِ فَلْيُصلِّهِمَا بَعْدَ مَا تَطْلُعُ الشَّمْسُ " . قَالَ أَبُو عليه وسلم " مَنْ لَمْ يُصلِّ رَكْعَتَى الْفَجْرِ فَلْيُصلِّهِمَا بَعْدَ مَا تَطْلُعُ الشَّمْسُ " . قَالَ أَبُو عليه وسلم هَذَا حَدِيثٌ غَرِيبٌ لاَ نَعْرِفُهُ إِلاَّ مِنْ هَذَا الْوَجْهِ . وَقَدْ رُويَ عَنِ ابْنِ عُمرَ أَنَّهُ فَعَلَهُ . وَالْعَملُ عَلَى هَذَا عِنْدَ بَعْضِ أَهْلِ الْعِلْمِ وَبِهِ يَقُولُ سُفْيَانُ التَّوْرِيُّ وَابْنُ الْمُبَارَكِ وَالشَّافِعِيُّ وَأَحْمَدُ وَإِسْحَاقُ . قَالَ وَلاَ نَعْلَمُ أَحَدًا رَوَى هَذَا الْحَدِيثَ عَنْ هَمَّامٍ بِهَذَا وَالشَّافِعِيُّ وَأَحْمَدُ وَإِسْحَاقُ . قَالَ وَلاَ نَعْلَمُ أَحَدًا رَوَى هَذَا الْحَدِيثَ عَنْ هَمَّامٍ بِهَذَا وَالشَّافِعِيُّ وَأَحْمَدُ وَإِسْحَاقُ . قَالَ وَلاَ نَعْلَمُ أَحَدًا رَوَى هَذَا الْحَدِيثَ عَنْ هَمَّامٍ بِهَذَا الْإِسْنَادِ نَحْوَ هَذَا إِلاَّ عَمْرَو بْنَ عَاصِمٍ الْكِلاَبِيَّ . وَالْمَعْرُوفُ مِنْ حَدِيثِ قَتَادَةً عَنِ النَّصْبُ فَلَا أَنْ تَطْلُعَ الشَّمْسُ فَقَدْ أَدْرِكَ الصَّبْحِ قَبْلَ أَنْ تَطْلُعَ الشَّمْسُ فَقَدْ أَدْرَكَ الصَبْحَ " .

বাংলা

৪২৩. উকবা ইবনু মুকরাম আল-আম্মী আল-বাসরী (রহঃ) আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেনঃ কেউ যদি ফরযের পূর্বে ফজরের দু'রাকআত আদায় না করে থাকে, তবে সে যেন সূর্যোদয়ের পর তা আদায় করে। - সহিহাহ ২৩৬১, তিরমিজী হাদিস নম্বরঃ ৪২৩ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবূ ঈসা তিরমিয়ী (রহঃ) বলেনঃ এই সূত্র ছাড়া আমরা হাদীসটি সম্পর্কে কিছু জানি না। ইবনু উমর রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত আছে যে, তিনি এই ধরনের আমল করেছেন। কতক আলিমও এতদুনুসারে আমল গ্রহণ করেছেন। সুফইয়ান সাওরী, শাফিঈ, আহমদ, ইসহাক ও ইবনু মুবারকেরও অভিমত এ-ই। ইমাম আবূ ঈসা তিরমিয়ী (রহঃ) বলেন, এই সনদে হাম্মাম (রহঃ) থেকে আমর ইবনু আসিম আল-কিলবী (রহঃ) ছাড়া আর কেউ



এরপ বর্ণনা করেছেন বলে আমরা জানি না। প্রসিদ্ধ হল কাতাদা নাযর ইবনু আনাস বশীর ইবনু নাহিক আবৃ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু সূত্রে বর্ণিত এই হাদীসটিঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন, সূর্যোদয়ের পূর্বে ফজরের সালাতের এক রাকআত যদি কেউ পায়, তবে সে ফজরের সালাত (নামায/নামাজ) পেল।

English

Abu Hurairah narrated that:

Allah's Messenger (S) said: "Whoever did not pray the two Rak'ah (before) Fajr then let him pray them after the sun has risen."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন